(নমুনা চুক্তিনামা)

চুক্তিনামা

সহযোগিতা চুক্তিপত্র

(Contract Agreement)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পক্ষে-

------- প্রথম পক্ষ

ড.মো: শাহাদাৎ হোসেন, প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প,
আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

------- দ্বিতীয় পক্ষ

------------- শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষে

-------------------------------------

-------------------------------------

------------ -------------------------

মোবাইল নম্বর:

ই-মেইল:

উপজেলা: ----------------, জেলা: ------------------।

এই চুক্তিপত্র তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পক্ষে অদ্য ..../..../২০১৮ইং তারিখে প্রকল্প পরিচালক ''সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প'' আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭ এবং প্রধান শিক্ষক/অধ্যক্ষ, --------------- বিদ্যালয়/মাদ্রাসা/সমমানের প্রতিষ্ঠান, উপজেলা: -------------, জেলা: ----------------- এর মধ্যে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে উভয়পক্ষ কর্তৃক চুক্তি সম্পাদিত হল:-

**-: শর্তাবলী:-**

**১ম পক্ষ (কর্মসূচী কর্তৃপক্ষ) কর্তৃক করণীয়:**

১) ১১টি ল্যাপটপ, ০১টি প্রিন্টার, ০১টি স্ক্যানার, ০১টি এলইডি টিভি, ০১টি থ্রিজি রাউটার, ০১টি সুইচ নেটওয়ার্ক, ০১টি সিম (ল্যাবে ইন্টারনেট ব্যবহারের জন্য) এবং ১০টি কম্পিউটার টেবিল (ডাবল) ও ৩০টি চেয়ার এবং ১টি ইন্সট্রাক্টর টেবিল ও ১টি ইন্সট্রাক্টর চেয়ার এর সমন্বয়ে একটি ল্যাব স্থাপন করবে।

২) প্রকল্প হতে ল্যাবকক্ষ সংস্কার ও সাইনবোর্ড স্থাপন কাজের ব্যয় বাবদ যথাক্রমে বরাদ্দকৃত ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও ১০,০০০/- (দশ হাজার) টাকা অনুমোদিত প্রতিষ্ঠানকে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে জেলা/ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে প্রদান করা হবে। বর্ণিত বরাদ্দকৃত অর্থ হতে প্রচলিত বিধি মোতাবেক ভ্যাট কর্তন করা হবে।

৩) কম্পিউটার ল্যাবে ইন্টারনেট সংযোগের সুবিধার জন্য থ্রিজি রাউটার, সুইচ ও সংশ্লিষ্ট ল্যান কানেকশন প্রকল্প থেকে স্থাপন করা হবে।

৪) প্রকল্প দপ্তর/ আইসিটি অধিদপ্তর/ আইসিটি বিভাগ/ শিক্ষা অধিদপ্তর/ শিক্ষা মন্ত্রণালয় এবং উপজেলা/ জেলা প্রশাসন ইত্যাদি থেকে বিভিন্ন সময়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন ও মনিটরিং করা হবে।

২য় পক্ষ **(নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান)** কর্তৃক করণীয়ঃ

১) কম্পিউটার ল্যাব স্থাপনের জন্য প্রতিষ্ঠানের আনুমানিক (২২ ফুট দৈর্ঘ্য ১৮ ফুট প্রস্থ) মাপের কক্ষ প্রদানের ব্যবস্থা করবে। কক্ষটি প্রতিষ্ঠানের দ্বিতীয় তলায় অথবা উপযুক্ত স্থানে হওয়া প্রয়োজন। স্যাঁতস্যাতে পরিবেশ মুক্ত সুন্দর অবকাঠামো বিশিষ্ট হতে হবে।

২) ল্যাবের মালামাল চুরি/খোয়া না যায় সেজন্য সতর্কমূলক বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোন কারণে এসব সরকারি সম্পদ চুরি বা খোয়া গেলে তার দায়ভার প্রতিষ্ঠান প্রধানসহ পরিচালনা পরিষদের উপর বর্তাবে এবং চুরি যাওয়ার ৩০দিনের মধ্যে উক্ত সরঞ্জামাদি উদ্ধার অথবা প্রতিষ্ঠানের নিজ ব্যয়ে ক্রয় করে ল্যাবে পুন:স্থাপন করবে।

৩) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও প্রতিষ্ঠান পরিচালনা কমিটি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের সাথে আলোচনা করে প্রকল্প হতে বরাদ্দকৃত অর্থ (প্রচলিত বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন) ব্যয়ে শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাব কক্ষ সংস্কার ও সাইনবোর্ড স্থাপনের কাজ সম্পন্ন করতে হবে। বর্ণীত কাজ সম্পন্ন করে অতিসত্বর প্রকল্প পরিচালকের দপ্তরে প্রত্যয়ন পত্র পাঠাতে হবে। ল্যাব কক্ষ সংস্কার ও সাইন বোর্ড স্থাপনের কাজ নিম্নরূপ হতে হবে।

(ক) কম্পিউটার ল্যাবের জন্য নির্ধারিত কক্ষ আনুমানিক(২২ ফুট দৈর্ঘ্য ১৮ ফুট প্রস্থ) এর ফ্লোরে প্লাস্টার করা বা প্লাস্টিক ম্যাট বসানো অথবা সুন্দর মেঝে করা।

(খ) কম্পিউটার ও আনুষাঙ্গিক যন্ত্রপাতিতে বিদ্যুৎ সংযোগ দেওয়ার জন্য ল্যাব কক্ষে ইলেকট্রিক ওয়ারিং করা/মেরামত করা।

(গ) কক্ষের ভিতরে দেয়াল প্লাস্টার ও দরজা-জানালা সংস্কারের প্রয়োজন হলে তা সম্পন্ন করা।

(ঘ) প্রয়োজনে রুমের ভিতরের ছাদসহ দেয়াল ডিস্টেম্পার অথবা চুনকাম করা।

(ঙ) প্রয়োজনে দরজা-জানালা মেরামত, তালাচাবির ব্যবস্থা করা ও পর্দা দেয়া।

(চ) প্রয়োজনে সিলিং ফ্যান লাগানো এবং

(ছ) প্লাস্টার, রং ও খোদাই (৩´ x ২.৫´ মাপের শ্বেত পাথর) করে লেখাসহ ফলক আকারে নমুনা অনুযায়ী (ইটের তৈরি) সাইনবোর্ড স্থাপন করবেন।

৪) ল্যাবে সার্বক্ষণিক ইন্টারনেট সংযোগ নিশ্চিত করতে হবে। কম্পিউটার ল্যাবের জন্য প্রয়োজনীয় বিদ্যুৎ ও ইন্টারনেট বিল সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পরিশোধ করবে।

৫) এ ল্যাব আইসিটি শিক্ষা বিস্তারে কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের অনুমতিক্রমে অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীরা প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান এ বিষয়ে পূর্ণ সহযোগিতা প্রদান করবে। শিক্ষা কার্যক্রম ব্যহত না করে বাণিজ্যিকভাবে এ ল্যাব স্থানীয় সাইবার সেন্টার হিসেবে ব্যবহার করা যেতে পারে।

৬) ল্যাবের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে এবং সেক্ষেত্রে প্রতি কর্ম দিবসে কম্পিউটার ল্যাবটি আবশ্যিকভাবে খোলা রাখতে হবে যাতে যে কোন ছাত্র/ছাত্রী যে কোন সময়ে ল্যাব/কম্পিউটার ব্যবহার করতে পারে। ( ডিজিটাল কন্টেন্ট এর জন্য www.nctb.gov.bd ইত্যাদি ওয়েবসাইট ব্যবহার করা যেতে পারে)

৭) প্রয়োজনে এ ল্যাব এসএসসি/এইচএসসি পর্যায়ে কম্পিউটার সায়েন্সের/ আইসিটি বিষয়ক ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র হিসেবে ব্যবহার করা যেতে পারে।

৮) সরকারের কোন কাজে ল্যাবের প্রয়োজন হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

৯) প্রকল্প দপ্তর/ আইসিটি অধিদপ্তর/ আইসিটি বিভাগ/ শিক্ষা অধিদপ্তর/ শিক্ষা মন্ত্রণালয় এবং উপজেলা/ জেলা প্রশাসন ইত্যাদি থেকে বিভিন্ন সময়ে কম্পিউটার ল্যাব পরিদর্শন ও মনিটরিং এর কাজে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান সহযোগিতা প্রদান করবে।

১০) স্থাপিত ল্যাপটপসহ আইটি সরঞ্জাম ও আসবাবপত্রের ওয়ারেন্টি মেয়াদ শেষে কম্পিউটার ল্যাবের কম্পিউটার ও আনুষাঙ্গিক সামগ্রী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব সম্পত্তি হিসেবে গ্রহণ করবে এবং রক্ষণাবেক্ষনের জন্য প্রয়োজনীয় অর্থেরও সংস্থান করবে।

১১) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/ল্যাবের দায়িত্ব প্রাপ্ত শিক্ষক সকল কম্পিউটার ও অন্যান্য আইটি সরঞ্জাম/ যন্ত্রপাতি সচল রাখার ব্যবস্থা গ্রহণ করবেন। এই নীতিমালা যথাযথ প্রতিপালিত না হওয়ার কারণে ল্যাব বন্ধ থাকলে বা কোন ভাবে ক্ষতিগ্রস্থ হলে তা প্রতিষ্ঠান প্রধানের অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১২) ল্যাব কক্ষ রেনোভেশন ও সাইনবোর্ড স্থাপনের কাজ এবং প্রকল্প হতে প্রাপ্ত ল্যাপটপসহ আইটি সরঞ্জাম ও আসবাবপত্রসমূহ প্রতিষ্ঠানের স্টক রেজিষ্টারে লিপিবদ্ধ করবে এবং রেজিষ্টারের সত্যায়িত কপি প্রকল্প অফিসে প্রেরণ করবে।

১৩) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার / আইসিটি শিক্ষক নাই সে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অতিসত্বর একজন কম্পিউটার / আইসিটি শিক্ষক নিয়োগ প্রদান নিশ্চিত করতে হবে।

অত্র চুক্তিনামা পড়ে ইহার মর্মার্থ অনুধাবন করে অন্যের বিনা প্ররোচনায় স্বজ্ঞানে স্বাক্ষীগণের উপস্থিতিতে স্বাক্ষর করলাম।

**১ম পক্ষ**

(ড.মো: শাহাদাৎ হোসেন)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)

**২য় পক্ষ**

( .................................. )
শিক্ষা প্রতিষ্ঠান প্রধান
---------------------------------
উপজেলা:-------------------------, জেলা:-----------------

স্বাক্ষীর নাম, স্বাক্ষর ও তারিখ

১।

২।

৩।

স্বাক্ষীর নাম, স্বাক্ষর ও তারিখ,

১। প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সভাপতি (সিলসহ স্বাক্ষর)
ফোন নং-

২। জেলা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সিলসহ স্বাক্ষর)
ফোন নং-

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা/ আইসিটি) (সিলসহ স্বাক্ষর)
ফোন নং-